দৈনিক ইনকিলাব

104

তারিখ SEP. 5 1999
পৃষ্ঠা ৫ কলাম 2

## স্কুলটি রক্ষা করা হোক

নোয়াখালী জেলার হাতিয়া থানার সুখচর ইউনিয়ন বঙ্গবন্ধু উচ্চ বিদ্যালয়ে নানা সমস্যার কারণে শিক্ষা কার্যক্রম বন্ধ হওয়ার উপক্রম হয়েছে। উক্ত স্কুলের ম্যানেজিং কমিটি গঠন নিয়ে জটিলতার কারণে বিদ্যালয়ের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে। শিক্ষার পরিবেশ ও মান নিয়ে অভিভাবক মহল শঙ্কিত। এ ব্যাপারে শিক্ষা সচিব, জেলা শিক্ষা অফিসার, থানা নির্বাহী কর্মকর্তাকে সংশ্লিষ্ট সকল মহলে প্রতিকার চেয়ে আবেদন জানানো হয়েছে। কিন্তু অদ্যাবধি কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। ফলে বিদ্যালয়ে ঐ অবস্থা ক্রমেই খারাপ হয়ে পড়েছে। এমতাবস্থায় উক্ত বিদ্যালয়ের সকল প্রকার অনিয়মের প্রতিবিধান করে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনতে এবং বিদ্যালয়টিকে ধ্বংসের হাত হতে রক্ষা করতে মাননীয় প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী ও শিক্ষা অধিদপ্তরের মহা-পরিচালক মহোদয়ের জরুরী হস্তক্ষেপ কামনা করছি।

—এডভোকেট মাহফুজুল হক,
গ্রাম ও ডাকঘর- সাহেবানীর হাট,
থানা- হাতিয়া, জেলা- নোয়াখালী।